

যুগান্তর

ছাত্রাবাস থেকে রুয়েট শিক্ষার্থীর ঝুলন্ত মরদেহ উদ্ধার

👤 রাবি প্রতিনিধি

🕒 ২১ মে ২০২৩, ১৬:২৮:৫২ | [অনলাইন সংস্করণ](#)



ছাত্রাবাস থেকে দরজা ভেঙ্গে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রুয়েট) সামিউল রহমান নামের এক শিক্ষার্থীর ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। শনিবার দিবাগত রাত সাড়ে ১২টার দিকে নগরীর বোয়ালিয়া মডেল থানার সাধুর মোড় এলাকার রহিমা লজ ছাত্রাবাস থেকে ওই শিক্ষার্থীর লাশ উদ্ধার করা হয়।

রোববার দুপুরে ওই শিক্ষার্থীর ঝুলন্ত মরদেহ উদ্ধারের তথ্যটি নিশ্চিত করেছেন বোয়ালিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সোহরাওয়ার্দী হোসেন।

জানা গেছে, সামিউল ঢাকার ধানমন্ডি এলাকার নর্থ রোডের বাসিন্দা আব্দুর রহমান সরকারের ছেলে। তিনি রুয়েটের কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং বিভাগের ১৭ সিরিজের শিক্ষার্থী ছিলেন।

জানতে চাইলে ওসি সোহরাওয়ার্দী হোসেন জানান, সামিউলকে ডাকাডাকি করে সাড়া না পেয়ে থানায় খবর দেয় অন্য শিক্ষার্থীরা। পুলিশ গিয়ে দরজা ভেতর থেকে বন্ধ পায়। পরে রাজশাহী সদর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সহযোগিতায় দরজার তালা ভেঙে

সামিউলের ঝুলন্ত মরদেহ উদ্ধার করা হয়।

ওসি আরও বলেন, ময়নাতদন্ত শেষে মরদেহ পরিবারের সদস্যদের কাছে হস্তান্তর করা হয়েছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে সামিউল রহমান আত্মহত্যা করেছেন। তবে ময়নাতদন্তের প্রতিবেদন পেলে এটি আত্মহত্যা কিনা তা জানা যাবে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023